গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
www.trishal.mymensingh.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০০০.৭৩.০০১.২৩ - ১১৮০ তারিখঃ ১১ অগ্রহায়ন, ১৪৩০ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেটের ০৬ মে ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ/০৪ মে ২০১৫ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৮৯ আইন/২০১৫ এবং বাংলাদেশ গেজেটের ০৩ জুলাই ২০১৭ খ্রি. তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩২-আইন/২০১৭ এর আদেশবলে ময়মনসিংহ জেলাধীন ত্রিশাল উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশের (মহল্লাদার) শূন্যপদে লোক নিয়োগের জন্য স্ব-স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | পদের নাম ও সংখ্যা মহল্লাদার | ওয়ার্ড নম্বর | বেতন (নির্ধারিত) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | ০১ নং ধানীখোলা ইউপি | ০৩ | ১, ৮, ৯ | ৬৫০০/- | সর্বনিম্ন অষ্টম শ্রেণী বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | ০২ নং বৈলর ইউপি | ০৪ | ১,২,৩,৯ | | |
| ০৩ | ০৩ নং কাঁঠাল ইউপি | ০১ | ৪ | | |
| ০৪ | ০৪ নং কানিহারী ইউপি | ০২ | ১, ৫ | | |
| ০৫ | ০৫ নং রামপুর ইউপি | ০২ | ৩,৪ | | |
| ০৬ | ০৭ নং হরিরামপুর ইউপি | ০১ | ৮ | | |
| ০৭ | ০৮ নং সাখুয়া ইউপি | ০১ | ৯ | | |
| ০৮ | ০৯ নং বালিপাড়া ইউপি | ০১ | ৩ | | |
| ০৯ | ১০ নং মঠবাড়ী ইউপি | ০১ | ২ | | |
| ১০ | ১১ নং মোক্ষপুর ইউপি | ০৩ | ৩ ,৪, ৯ | | |
| | মোট | ১৯ | | | |

## শর্তাবলীঃ

০১। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স ( ০৭.১২.২০২৩ খ্রি. তারিখে) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদন করতে হবে)

০২। প্রার্থীর উচ্চতা (ক) পুরুষ প্রার্থীর ক্ষেত্রেঃ কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক অবস্থায়) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ অবস্থায়) ও ওজন সর্বনিম্ন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রেঃ কমপক্ষে ৫ ফুট, বুকের মাপ ২৮ (স্বাভাবিক অবস্থায়) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ অবস্থায়) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি এবং প্রার্থীকে সুঠাম দেহের অধিকারী হতে হবে।

০৩। আবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/-(তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) রুপালী ব্যাংক লিঃ, ত্রিশাল শাখার চলতি হিসাব নং-৯১৬ এর অনুকূলে দাখিল করতে হবে।

০৪। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(গ) জাতীয় পরিচয়পত্র ও জন্মনিবন্ধনের সত্যায়িত কপি।
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সার্টিফিকেটর সত্যায়িত কপি।
(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
(চ) পোষ্য এবং মুক্তিযোদ্ধার কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র।

০৫। কোটার ক্ষেত্রে সরকার নির্ধারিত নীতিমালা অনুসরণ করা হবে।

০৬। আবেদনের সাথে ১০.০০ টাকার ডাকটিকেট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫X১০ ইঞ্চি সাইজের ১টি খাম দিতে হবে।

০৭। প্রার্থীর বয়স ০৭.১২.২০২৩ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার কোঠার ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৮। প্রার্থীর আবেদন আগামী ০৭.১২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময় সরাসরি অথবা ডাকযোগে জমা হতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম এবং বামপার্শ্বে আবেদনকারীর নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১০। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত/সংশোধন/পরিবর্তন/নিয়োগ স্থগিত ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১২। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে।

১৩। মহল্লাদার এর শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে বিধিমালার যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যেক পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১৪। নির্দিষ্ট সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

২৬/১১/২০২৩

(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।
ফোনঃ ০৯০৩৩-৫৬০০১
unotrishal@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০০০.৭৩.০০১.২৩ - ১১৮০

তারিখঃ ১১ অগ্রহায়ন, ১৪৩০ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

০১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
০৬. সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল, ময়মনসিংহ।
০৭. অফিসার ইন-চার্জ, ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
০৮. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।
০৯. চেয়ারম্যান,..................................................ইউনিয়ন পরিষদ,ত্রিশাল, ময়মনসিংহ। নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য ইউনিয়ন পরিষদের দৃশ্যমান স্থানে টানানোর জন্য অনুরোধ করা হলো।
১০. সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ। ইউনিয়ন এবং উপজেলা তথ্য বাতায়নে আপলোডপূর্বক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১. অফিস কপি।

২৬/১১/২০২৩

(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।